

# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৭৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৫১]

৩। হায়য ঋতুস্রাব (کتاب الحیض)

পরিচ্ছেদঃ ২৩. অগ্নি স্পৃষ্ট দ্রব্যাদি থেকে (খাবার পর) ওযু করা সম্পর্কে।

باب الْوُضُوءِ مِمَّا مَسَّتِ النَّارُ

### আরবী

وَحَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ شُعَيْبِ بْنِ اللَّيْتِ، قَالَ حَدَّثَنِي أَبِي، عَنْ جَدِّي، حَدَّثَنِي عُقَيْلُ بْنُ خَالِدٍ، قَالَ ابْنُ شِهَابٍ أَخْبَرَنِي عَبْدُ الْمَلِكِ بْنُ أَبِي بَكْرِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْحَارِثِ خَالِدٍ، قَالَ ابْنُ الْبِي بَكْرِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْحَارِثِ بْنِ هِشَامٍ، أَنَّ خَارِجَةَ بْنَ زَيْدٍ الأَنْصَارِيَّ، أَخْبَرَهُ أَنَّ أَبَاهُ زَيْدَ بْنَ ثَابِتٍ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " الْوُضنُوءُ مِمَّا مَسَّتِ النَّارُ "

#### বাংলা

৬৭৪-(৯০/৩৫১) 'আবদুল মালিক ইবনু শু'আয়ব (রহঃ) ..... যায়দ ইবনু সাবিত (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে বলতে শুনেছি তিনি বলেছেন, আগুনে পাকানো খাবার খেয়ে ওযু করতে হবে। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৬৭৮, ইসলামিক সেন্টারঃ ৬৯৩)

### **English**

Chapter: Performing wudu' after eating something that has been touched by fire

Zaid b Thabit reported: I heard the Messenger of Allah (ﷺ) say this: Ablution is obligatory (for one who takes anything) touched by fire

## ফুটনোট

['অগ্নি-স্পৃষ্ট দ্রব্যাদি খাবার পর ওযু করা।' ইমাম নাবাবী (রহঃ) বলেন, ইমাম মুসলিন (রহঃ) এ অধ্যায়ে প্রথমে এ সকল হাদীসের উল্লেখ করেছেন, যেগুলোর দ্বারা সাব্যস্ত হয় যে, আগুনের দ্বারা পাকানো খাদ্যবস্ত খেলে ওযু নষ্ট হয়ে যায়। অতঃপর ঐ সকল হাদীসের বর্ণনা পেশ করেছেন, যেগুলোর দ্বারা প্রমাণিত হয়েছে যে, এ ধরনের খাবার খেলে ওযু নষ্ট হয় না। সুতরাং প্রথমে উল্লিখিত হাদীসসমূহ মানসুখ (রহিত)। এ ব্যাপারে পূর্ববর্তী এবং পরবর্তী জমহুর উলামায়ে কিরাম, সহাবরি কিরাম ও তাবিঈনে এযাম প্রায় সকলেই ঐকমত্য ঘোষণা করেছেন।



তবে যে কোন জিনিস খাওয়ার পর কুলি করা এবং হাত-মুখ ভাল করে ধুয়ে ফেলা মুস্তাহাব। (নাবাবী)]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু সাবিত (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন